Bengali

# NHS সার্ভিকাল স্ক্রিনিং

# আপনার সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করা



পাবলিক হেলথ ইংল্যান্ড (PHE) এই প্রচারপত্রটি তৈরী করেছে NHS-এর পক্ষ থেকে

আপনি একটা সার্ভিকাল স্ক্রিনিং পরীক্ষা করাবেন কিনা তা আপনার পছন্দ। এই প্রচারপত্রটির লক্ষ্য হল আপনাকে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করা। সার্ভিকাল স্ক্রিনিংকে আগে বলা হত একটা 'স্মিয়ার টেস্ট' বা 'লেপন পরীক্ষা'।

## কেন আমরা সার্ভিকাল মূল্যায়নের প্রস্তাব দিই

NHS সার্ভিকাল স্ক্রিনিং সার্ভিকাল ক্যান্সার প্রতিরোধে সাহায্য করে। এটা UK-তে প্রতি বছর সার্ভিকাল ক্যান্সার থেকে হাজার হাজার জীবনকে বাঁচায়।[1,2] ইংল্যান্ডে সার্ভিকাল স্ক্রিনিং বর্তমানে সার্ভিকাল ক্যান্সার মৃত্যুর 70% প্রতিরোধ করে। সকলে নিয়মিত মূল্যায়নে উপস্থিত থাকলে, 83% প্রতিরোধ করা যেতে পারতো।[3]

## আমরা কাদের আমন্ত্রণ জানাই

আমরা প্রতি 3 বছরে 25 থেকে 49 বছর বয়সী এবং প্রতি 5 বছরে 50 থেকে 64 বছর বয়সীদের সার্ভিকাল মূল্যায়নের প্রস্তাব দিই। এর কারণ হল সার্ভিকাল ক্যান্সার এই বয়সের ভিতরে বিকশিত হয়। প্রথম আমন্ত্রণ আসে লোকে 25 বছর হওয়ার কয়েক মাস আগে। আপনি আপনার আমন্ত্রণ পাওয়া মাত্রই আপনার অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারেন। আমরা একটা পূর্বের মূল্যায়নের ফলাফলের (পৃষ্ঠা 9 দেখুন) কারণে কয়েকজনকে আরো বেশি করে আমন্ত্রণ পাঠাই।


আপনার যৌন প্রবণতা, যৌন ইতিহাস, বা আপনার HPV টিকা নেওয়া আছে কিনা সেটা নির্বিশেষে পনার স্ক্রিনিং করানোর বিবেচনা করা উচিৎ।

আপনি একজন কিন্নর (হিজড়া) পুরুষ হলে যিনি নথিভুক্ত আছেন তার GP-এর সাথে মহিলা হিসেবে, আমরা আপনাকে সার্ভিকাল মূল্যায়নের জন্য আমন্ত্রণ পাঠাব। আপনি একজন পুরুষ হিসেবে নথিভুক্ত হয়ে থাকলে আমন্ত্রণ পাবেন না, কিন্তু আপনার সার্ভিক্স থাকলে আপনার GP বা অনুশীলন নার্স আপনার জন্য একটা অ্যাপয়েন্টমেন্টের আয়োজন করতে পারেন। আপনি একজন হিজড়া মহিলা হলে আপনার সার্ভিকাল মূল্যায়নের প্রয়োজন নেই।

# সার্ভিকাল ক্যান্সার

সার্ভিকাল ক্যান্সার ঘটে যখন সার্ভিক্সের কোষগুলো বেড়ে ওঠে অনিয়ন্ত্রিত ভাবে এবং একটা পিণ্ড হিসেবে গড়ে ওঠে (যাকে টিউমারও বলা হয়ে থাকে)। টিউমারটি বেড়ে ওঠার সাথে সাথে, কোষগুলো অবশেষে শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়তে পারে এবং প্রাণনাশক হয়ে উঠতে পারে।

আপনার সার্ভিক্স হল আপনার জরায়ু (বা গর্ভের) সবচেয়ে নীচের অংশ, এবং এটা আপনার যোনির উপরে পাওয়া যায়।




মহিলাদের জনন তন্ত্র দেখানো রেখাচিত্র। সার্ভিক্স যোনির উপরে থাকে।

# HPV ও সার্ভিকাল ক্যান্সার

প্রায় সব সার্ভিকাল ক্যান্সারগুলো ঘটে হিউমান প্যাপিলোমাভাইরাস (HPV)নামক একটি ভাইরাসের কারণে।

HPV খুবই সাধারণ। বেশিরভাগ মানুষই তাদের জীবনের কোনো না কোনো সময়ে এই ভাইরাসের শিকার হোন। এটি একজন পুরুষ বা একজন মহিলার সাথে কোনো ধরনের যৌন ক্রিয়াকলাপের সময় ত্বকের সাথে ত্বকের ঘনিষ্ঠ স্পর্শের মাধ্যমে ছড়ায়। HPV শরীরে অনেক বছরের জন্য থেকে যেতে পারে। এটি খুবই নিম্ন বা সনাক্তকরণের অযোগ্য মাত্রায় থাকতে পারে এবং কোনো সমস্যা নাও ঘটাতে পারে। এর অর্থ হল HPV সংক্রমণ একজনের সঙ্গীর থেকে অনেক কাল আগে এসে থাকতে পারে।

বিভিন্ন ধরনের HPV আছে, কিন্তু শুধু কয়েকটা উচ্চ ঝুঁকির ধরণগুলো ক্যান্সারে পরিণত হতে পারে। যে ধরণের HPV ক্যান্সারে পরিণত হতে পারে তার কোনো লক্ষণ থাকে না। বেশিরভাগ ক্ষেত্রে, আপনার রোগ প্রতিরোধক পদ্ধতি আপনার যে ভাইরাসটা আছে সেটা আপনাকে কখনও না জানিয়েই সেটা থেকে মুক্ত করতে পারে। কিন্তু কখনও কখনও, HPV-এর ফলে আপনার সার্ভিক্সে কোষগুলো অস্বাভাবিক হয়ে উঠতে পারে।

আপনার শরীর সাধারণত অস্বাভাবিক কোষগুলো থেকে মুক্তি দিতে পারে এবং আপনার সার্ভিক্স স্বাভাবিকে পৌঁছে যায়। কিন্তু কখনও কখনও এটি ঘটে না, এবং অস্বাভাবিক কোষগুলো ক্যান্সারে বিকশিত হয়ে যেতে পারে।

# কি আপনার সার্ভিকাল ক্যান্সার হওয়ার সম্ভাবনাকে প্রভাবিত করে

সার্ভিকাল স্ক্রিনিং আপনার সার্ভিকাল ক্যান্সার হওয়ার সম্ভাবনাকে কমিয়ে দেয়। স্ক্রিনিং অস্বাভাবিক কোষগুলোকে খুঁজে বের করে যাতে তারা ক্যান্সারে পরিণত হওয়ার আগেই তাদের সরিয়ে ফেলা যেতে পারে।

HPV জননাঙ্গের সম্পূর্ণ এলাকার চারপাশে পাওয়া যায় এবং যে কোনো ধরণের যৌন ক্রিয়াকলাপের মাধ্যমে ছড়াতে পারে। এর অর্থ হল কনডম বা ডেন্টাল ড্যাম সংক্রমণ প্রতিরোধে সাহায্য করতে পারে, কিন্তু তারা HPV থেকে সম্পূর্ণ রক্ষা প্রদান করে না।

ধূমপান সার্ভিকাল ক্যান্সারের ঝুঁকি বাড়ায় কারণ এটি আপনার শরীরের পক্ষে HPV সংক্রমণের থেকে মুক্তি পাওয়াকে আরো কঠিন করে তোলে। ধূমপান বন্ধ করা সম্পর্কে তথ্য উপলব্ধ আছে এখানে www.nhs.uk/smokefree

HPV টিকাকরণ রক্ষা করে সেই ধরণের উচ্ছ ঝুঁকির HPV-এর বিরুদ্ধে যেগুলো বেশিরভাগ সার্ভিকাল ক্যান্সার ঘটায়। আপনি HPV টিকা নিয়ে থাকলে তবুও আপনাকে আমন্ত্রণ জানানোর সময় আপনার সার্ভিকাল স্ক্রিনিং করানোর বিবেচনা করা করতে হবে। এইটি অন্যান্য উচ্চ ঝুঁকির HPV ধরণের জন্য যা সার্ভিকাল ক্যান্সারে পরিণত হয়ে যেতে পারে।

সার্ভিকাল ক্যান্সারের পারিবারিক ইতিহাস থাকা মানেই তা আপনার সার্ভিকাল ক্যান্সারের সম্ভাবনাকে প্রভাবিত করে না।

## কিভাবে সার্ভিকাল স্ক্রিনিং কাজ করে

সার্ভিকাল স্ক্রিনিং ক্যান্সারের জন্য কোনো পরীক্ষা নয়। এটি সার্ভিক্সে অস্বাভাবিক কোষগুলোকে খোঁজে। অস্বাভাবিক কোষের চিকিৎসা না করলে তা বিকশিত হতে পারে ক্যান্সারে।

পরীক্ষায় আপনার সার্ভিক্সের পৃষ্ঠতল থেকে কোষের একটা ছোটো নমুনা নিতে একটা নরম ব্রাশের ব্যবহার জড়িত থাকে। নমুনাটি একটা ছোটো প্লাস্টিকের পাত্রে রাখা হয় এবং ল্যাবরেটরিতে পাঠানো হয়। এটি যে ধরণের HPV থেকে সার্ভিকাল ক্যান্সার হতে পারে তার জন্য পরীক্ষা করা হয়।  আপনার সবচেয়ে সাধারণ ধরণের HPV যা সার্ভিকাল ক্যান্সার ঘটায় তার জন্য একটা নেতিবাচক ফলাফল হলে, আপনার সার্ভিকাল ক্যান্সারের ঝুঁকি খুবই কম থাকে এবং অস্বাভাবিক কোষগুলো পরীক্ষা করার আর কোনো প্রয়োজন নেই এমনকি আপনার অতীতে এগুলো হয়ে থাকলেও।

আপনার HPV-এর জন্য ইতিবাচক ফলাফল হলে আমরা অস্বাভাবিক কোষের জন্য নমুনাগুলো পরীক্ষা করব। অস্বাভাবিক কোষ মানেই ক্যান্সার নয়, কিন্তু তাদের চিকিৎসা না করা হলে তারা ক্যান্সারে বিকশিত হতে পারে।

একটা পরবর্তী পদক্ষেপ হিসেবে আপনার সার্ভিক্সকে আরো খুঁটিয়ে দেখতে আমরা আপনাকে আরেকটা পরীক্ষা (যাকে একটা কল্পোস্কোপি বলা হয়)করানোর প্রস্তাব দিতে পারি। কল্পোস্কোপির সময় আমরা অস্বাভাবিক কোষগুলো খুঁজে পেলে আমরা হয়তো কোষগুলো সরিয়ে ফেলার পরামর্শ দিতে পারি। এইভাবে স্ক্রিনিং সার্ভিকাল ক্যান্সার প্রতিরোধ করতে পারে।

কোনো স্ক্রিনিং পরীক্ষাই 100% কার্যকর নয়। সার্ভিকাল স্ক্রিনিং-এ এর কারণ হল:

- এটা HPV সংক্রমণ বা অস্বাভাবিক কোষগুলো কখনও কখনও লক্ষ্য নাও করা যেতে পারে (একটা 'নকল ঋণাত্মক' ফলাফল)
- অস্বাভাবিক কোষগুলো স্ক্রিনিং পরীক্ষার মাঝে বিকশিত হয়ে ক্যান্সারে পরিণত হতে পারে
- সার্ভিক্স স্বাভাবিক হলেও অস্বাভাবিক কোষগুলো পাওয়া গেছে বলে ফলাফলে বলার একটা স্বল্প সম্ভাবনা থাকে (একটা 'নকল ধণাত্মক' ফলাফল)

স্ক্রিনিং-এ প্স্বাভাবিক কোষগুলো খুঁজে না পাওয়া এটার প্রতিশ্রুতি দেয়া না যে আপনার সেগুলো নেই, বা ভবিষ্যতে তারা বিকশিত হতে পারে না।

# সার্ভিকাল স্ক্রিনিং করানো

## আপনার অ্যাপয়েন্টমেন্ট-এর আগে

সার্ভিকাল স্ক্রিনিং সাধারণত একজন মহিলা নার্স বা ডাক্তারের দ্বারা সম্পন্ন করা হয়। একজন মহিলাই আপনার পরীক্ষা সম্পন্ন করবেন আপনি তা নিশ্চিত করতে চাইলে, আপনি তার অনুরোধ করতে পারেন আপনার অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার সময়।

আপনার অ্যাপয়েন্টমেন্ট এমন দিনে হওয়া উচিৎ যখন আপনার রজঃস্রাব হচ্ছে না। আপনার রজঃস্রাব না হলে, যে কোনো সময় আপনার পরীক্ষা করানো যেতে পারে।

অনুগ্রহ করে আপনার পরীক্ষার 2 দিন আগে কোনো যোনির ওষুধ, লুব্রিক্যান্ট বা ক্রিম ব্যবহার করবেন না কারণ তারা ফলাফলকে প্রভাবিত করতে পারে।

অনুগ্রহ করে আপনার নার্স বা ডাক্তারের সাথে কথা বলুন যদি আপনি:

- গর্ভবতী হয়ে থাকেন
- একটা হিস্টেরেক্টমি করে থাকেন
- মনে করেন পরীক্ষাটি করা আপনার পক্ষে কঠিন হবে

আপনি স্ক্রিনিং সম্পর্কে স্নায়বিকভাবে দুর্বল বোধ করলে আপনার নার্স বা ডাক্তারের সাথে কথা বলতে পারেন। তারা আপনার যে কোনো প্রশ্ন বা উদ্বেগ সম্পর্কে কথা বলতে পারেন। আপনি স্ক্রিনিং চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিলে, তারা আপনাকে আরো স্বচ্ছন্দ বোধ করাতে সাহায্য করার আয়োজন করতে পারেন।


## আপনার অ্যাপয়েন্টমেন্টে

আসল পরীক্ষাটি হতে শুধু 1 থেকে 2 মিনিট সময় লাগে। সম্পূর্ণ অ্যাপয়েন্টমেন্টটি সম্পন্ন হতে সাধারণত প্রায় 10 মিনিট সময় লাগে।

নার্স বা ডাক্তার আপনাকে আপনার কোমরের নীচ থেকে (বা আপনি একটা ঢিলে স্কার্ট পরে থাকলে শুধু আপনার অন্তর্বাস সরাতে) পোশাক খুলে ফেলে আপনার হাঁটু দুটো ভাঁজ করে তফাতে রেখে শুতে বলবেন। আপনার পেট ও নিতম্ব ঢাকতে আপনার কাছে একটা কাগজের শিট বা তোয়ালে থাকবে।

তারা স্পেক্যুলাম নামক একটা যন্ত্র আপনার যোনির ভিতরে ঢুকিয়ে আলতো করে খুলবেন। এইভাবে তারা সার্ভিক্স দেখতে পান। স্পেক্যুলামটি সাধারণত প্লাস্টিকের তৈরী হয় এবং প্রতিটি স্ক্রিনিং পরীক্ষার জন্য একটা নতুন যন্ত্র ব্যবহার করা হয়। নার্স বা ডাক্তার এরপর আপনার সার্ভিক্সের পৃষ্ঠতল থেকে কোষগুলোর একটা নমুনা নিতে একটা ছোটো নরম ব্রাশ ব্যবহার করেন। আপনি হয়তো খানিকটা অস্বস্তি বোধ করতে পারেন, কিন্তু এইটা তাড়াতাড়ি চলে যাওয়া উচিৎ। ব্যাথা লাগলে, নার্স বা ডাক্তারকে বলুন এবং তারা আপনার জন্য এটা আরো আরামদায়ক করার চেষ্টা করবেন।

আপনি আপনার স্ক্রিনিং অ্যাপয়েন্টমেন্টের নিয়ন্ত্রণে আছেন, এবং আপনি যে কোনো সময় বন্ধ করতে বলতে পারেন।




কপিরাইট© জো'এর সার্ভিকাল ক্যান্সার ট্রাস্ট

কিভাবে একটা স্পেক্যুলাম ও একটা ছোটো নরম ব্রাশ ব্যবহার করে একটা সার্ভিকাল স্ক্রিনিং-এর নমুনা নেওয়া হয় তা দেখানো রেখাচিত্র।

# সার্ভিকাল স্ক্রিনিং-এর ফলাফল

আপনি কখন আপনার ফলাফলের চিঠির আশা করতে পারেন তা নার্স বা ডাক্তার আপনাকে বলবেন। 4টি সম্ভাব্য ফলাফল পাওয়া যেতে পারে:

### 1. HPV ঋণাত্মক

একটা HPV ঋণাত্মক ফলাফলের অর্থ হল আমরা আর কোনো পরীক্ষা করব না। এই ফলাফলের অর্থ হল আপনার অস্বাভাবিক সার্ভিকাল কোষগুলো থাকার সম্ভাবনা খুবই কম। এমনকি আপনার তা থাকলেও, অত্যন্ত অসম্ভব হবে যে তারা কোনো সমস্যা ঘটাবে। আমরা কেবল 3 বা 5 বছরের সময়ে (আপনার বয়সের উপর নির্ভর করে) স্ক্রিনিং-এর জন্য আবার ফেরত আসতে আপনাকে কল করব।

## 2. HPV ধনাত্মক: কোনো অস্বাভাবিক কোষ নেই


আপনার নমুনা HPV ধনাত্মক হলে আমরা অস্বাভাবিক সার্ভিকাল কোষগুলোর জন্যও তার পরীক্ষা করি। কোনটাই পাওয়া না গেলে, আপনার ফলাফল বলে যে আপনার HPV আছে, কিন্তু কোনো অস্বাভাবিক কোষ নেই। আমরা আপনাকে প্রচলিত সময়ের চেয়ে আরো আগে (আপনার ফলাফলের চিঠি ব্যাখ্যা করবে কখন) স্ক্রিনিং-এর জন্য আসতে বলব। যাতে আমরা দেখতে পারি আপনার রোগ প্রতিরোধক পদ্ধতি HPV থেকে মুক্ত করতে পেরেছে কিনা (বেশিরভাগ ক্ষেত্রেই এইটা ঘটে)।

## 3. HPV ধণাত্মক: অস্বাভাবিক কোষগুলো খুঁজে পাওয়া গেছে

অস্বাভাবিক কোষগুলোর অনেক ‘গ্রেড’ আছে যেহেতু কয়েকটা অন্যান্যদের থেকে মারাত্মক হয়। আপনার ফলাফলের চিঠি ব্যাখ্যা করবে আপনার ফলাফলের অর্থ কি। আপনার HPV এবং অস্বাভাবিক কোষের কোনো গ্রেড থাকলে আমরা আপনাকে কল্পোস্কোপি (পৃষ্ঠা 11 দেখুন) –এর জন্য রেফার করব। আমরা আপনাকে আমাদের তথ্য প্রচারপত্র ‘NHS সার্ভিকাল স্ক্রিনিং – একা কল্পোস্কোপি করা’-টি পাঠাব।

## 4. অপর্যাপ্ত ফলাফল

মাঝেমধ্যে একটা নমুনাকে হয়তো ‘অপর্যাপ্ত’ বলা হতে পারে। এইটি কোনো প্রযুক্তিগত সমস্যার কারণে হতে পারে, উদাহরনস্বরুপ ল্যাবরেটরি আপনার নমুনা থেকে একটা HPV পরীক্ষার ফলাফল না পেলে বা অস্বাভাবিক কোষগুলো উপস্থিত আছে কিনা তা না দেখতে পারলে। আপনার একটা অপর্যাপ্ত পরীক্ষা হলে, আমরা আপনাকে আবার 3 মাস সময়ে আবার সার্ভিকাল পরীক্ষা করতে বলব। আমরা অপেক্ষা করি যাতে নমুনা নেওয়ার জন্য যথেষ্ট কোষ থাকে।




সার্ভিকাল ক্যান্সার থাকা প্রত্যেক 100 জন লোকের ফলাফল দেখানো রেখাচিত্র

# স্ক্রিনিং-এর পরে নমুনাগুলোর কি হয়

আপনার স্ক্রিনিং ফলাফলের উপর নির্ভর করে আপনার স্ক্রিনিং-এর নমুনাকে অন্তত 10 বছরের জন্য ল্যাবরেটরিতে রাখা হতে পারে। আপনার ফলাফল একটা জাতীয় নিরাপদ কম্পিউটার সিস্টেমে রাখা থাকবে যাতে NHS আপনার সর্বশেষ ফলাফল আপনার আগের ফলাফলগুলোর সাথে তুলনা করতে পারে।

খুঁজে বের করুন কিভাবে পাবলিক হেলথ ইংল্যান্ড এবং NHS আপনার স্ক্রিনিং-এর তথ্য ব্যবহার ও রক্ষা করে এখানে: www.gov.uk/phe/screening-data

# কল্পোস্কোপি

কল্পোস্কোপি সাধারণত একটা হাসপাতালের ক্লিনিকে করা হয়। একজন বিশেষজ্ঞ আলো লাগানো একটা ম্যাগনিফাইং লেন্স (একটা 'কল্পোস্কোপ') ব্যবহার করে আপনার সার্ভিক্স খুঁটিয়ে দেখবেন। তারা হয়তো আপনার সর্ভিক্সের কোনো এলাকা অস্বাভাবিক দেখাচ্ছে কিনা তা দেখতে একটা ছোটো কলার নমুনা (একটা বায়োপ্সী) নিতে পারেন। অস্বাভাবিক কোষগুলো মারাত্মক হলে, তাদের সরাতে আপনার চিকিৎসা করার প্রয়োজন হতে পারে। এইটি সার্ভিকাল ক্যান্সার প্রতিরোধে সাহায্য করে।

আপনি আমাদের প্রচারপত্রে কল্পোস্কোপি সম্পর্কে আরো পড়তে পারেন এখানে: www.gov.uk/government/publications/cervical-screening-colposcopy

# সার্ভিকাল স্ক্রিনিং-এর সম্ভাব্য উপকারিতা এবং ঝুঁকি

আপনি একটা সার্ভিকাল স্ক্রিনিং পরীক্ষা করাবেন কিনা তা আপনার পছন্দ। আপনাকে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করতে, আমরা সম্ভাব্য উপকারিতা এবং ঝুঁকির উপর তথ্য অন্তর্ভুক্ত করেছি।

## সম্ভাব্য উপকারিতা

সার্ভিকাল স্ক্রিনিং সার্ভিকাল ক্যান্সার প্রতিরোধে সাহায্য করে। সার্ভিকাল স্ক্রিনিং UK-তে প্রতি বছর সার্ভিকাল ক্যান্সারের থেকে হাজার হাজার জীবন বাঁচায়।[1,2]

## সম্ভাব্য ঝুঁকি

সার্ভিকাল স্ক্রিনিং-এর প্রধান ঝুঁকি আসে একটা কল্পোস্কোপির সময় অস্বাভাবিক কোষগুলো সরিয়ে ফেলা থেকে এবং স্বয়ং স্ক্রিনিং পরীক্ষা থেকে নয়। অস্বাভাবিক কোষগুলো সরিয়ে ফেলার ফলে কখনও কখনও রক্তপাত বা কোনো সংক্রমণ ঘটতে পারে, এবং এটা ভবিষ্যতের গর্ভধারণকেও প্রভাবিত করতে পারে। যেসব মহিলারা অস্বাভাবিক কোষগুলো সরিয়ে ফেলার পরে গর্ভবতী হন তাদের প্রমাণ চিকিৎসা হলে তাদের বাচ্চা সময়ের আগে হওয়ার বর্ধিত ঝুঁকি **থাকে না**। আরো সার্ভিকাল কলা সরিয়ে ফেলার প্রয়োজন হলে, মহিলাদের তাদের বাচ্চা 1 থেকে 2 মাস আগে হওয়ার সম্ভাবনা থাকে। এইটি প্রায় 16% মহিলাদের (100 জনে 16 জন) প্রভাবিত করতে পারে যাদের এই আরো ব্যাপক চিকিৎসা করার পরে একটা বাচ্চা হয়েছে।[4]

যারাই অস্বাভাবিক কোষগুলো সরিয়ে ফেলেছেন তাদের প্রত্যেকেরই সার্ভিকাল ক্যান্সার গড়ে ওঠেনি। আমরা মারাত্মক অস্বাভাবিক কোষ সহ সকলকে চিকিৎসার প্রদান করি কারণ এটা বলা সম্ভব নয় কে সার্ভিকাল ক্যান্সারে বিকশিত হবেন আর কে হবেন না।

# সার্ভিকাল ক্যান্সারের লক্ষণসমূহ

ক্যান্সার আপনার নিয়মিত স্ক্রিনিং পরীক্ষার মাঝেই বিকশিত হওয়া শুরু হতে পারে। আপনার জন্য অস্বাভাবিক কোনকিছুর জন্যই সতর্ক হওয়া গুরুত্বপূর্ণ, বিশেষকরে:

- আপনার রজঃস্রাবের মধ্যবর্তী, যৌনক্রিয়ার সময় বা আগে, অথবা রজঃনিবৃত্তি বা মেনোপজের পরে রক্তপাত
- যোনির নিঃসরণের পরিবর্তন

**স্ক্রিনিং লক্ষণগুলো অনুসন্ধানের জন্য একটা পরীক্ষা নয়।**

আপনার এই পরিবর্তনগুলোর একটাও হলে, আপনার পরবর্তী সার্ভিকাল স্ক্রিনিং অ্যাপয়েন্টমেন্টের জন্য অপেক্ষা করবেন না। আপনার GP-এর সাথে যত শীঘ্র সম্ভব দেখা করুন। আপনার GP আপনার পরীক্ষা করে প্রয়োজন হলে একটি গাইনোকলজি বা স্ত্রীরোগবিশারদ ক্লিনিকে রেফার করতে পারেন।

সাধারণত এই লক্ষণগুলোর অর্থ এই নয় যে আপনার ক্যান্সার আছে। কিন্তু আপনার ক্যান্সারের খোঁজ পাওয়া গেলে, তার রোগনির্নয় করা ও গোড়াতেই চিকিৎসা করলে আপনার বেঁচে যাওয়ার সম্ভাবনা আরো বেশি হতে পারে।

# অতিরিক্ত তথ্য এবং সমর্থন

সার্ভিকাল স্ক্রিনিং সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি আপনার GP, অনুশীলন নার্সের সাথে কথা বলতে পারেন বা একটা স্থানীয় জন্মনিরোধক/যৌন স্বাস্থ্য সংক্রান্ত ক্লিনিকে যেতে পারেন।

সার্ভিকাল স্ক্রিনিং সম্পর্কে আরো তথ্য আছে এখানে:
www.nhs.uk/cervical

কল্পোস্কোপি সম্পর্কে আরো তথ্যের জন্য, আমাদের প্রচারপত্র দেখুন এখানে:
www.gov.uk/government/publications/cervical-screening-colposcopy

স্ক্রিনিং-এর থেকে বেরিয়ে যেতে, দেখুন:
www.gov.uk/phe/screening-opt-out

# রেফারেন্সগুলি

1. Peto, R and others (2004) সার্ভিকাল ক্যান্সারের মহামারী যা স্ক্রিনিং প্রতিরোধ করেছে UK-তে (The cervical cancer epidemic that screening has prevented in the UK)। Lancet 35, 249–256।

2. Castanon, A and others (2017) ইংল্যান্ডে স্ক্রিনিং কতটা প্রাথমিক হিউমান প্যাপিলোমভাইরাসের পরীক্ষা সার্ভিকাল ক্যান্সারের ঘটনা হ্রাস করতে পেরেছে?(By how much could screening by primary human papillomavirus testing reduce cervical cancer incidence in England?) মেডিকেল স্ক্রিনিং-এর জার্নাল খন্ড 24, (2) 110-112 (Journal of Medical Screening vol. 24, (2) 110-112)।

3. পাবলিক হেলথ ইংল্যান্ড (Public Health England) স্বাস্থ্যের বিষয়গুলি: সার্ভিকাল স্ক্রিনিং-কে আরো প্রবেশযোগ্য করা (Health Matters: making cervical screening more accessible (2017)) । অ্যাক্সেস করা হয়েছে 14/03/2019। www.gov.uk/government/publications/health-matters-making-cervical-screening-more-accessible/health-matters-making-cervical-screening-more-accessible--2

4. Sasieni, P and others (2015)। সার্ভিকাল রোগের জন্য সার্জিকাল চিকিৎসার পরে নির্ধারিত সময়ের পূর্বে জন্মের ঝুঁকি: একটি সাম্প্রতিক আলোচনাচক্রের কার্যনির্বাহী সংক্ষিপ্তসার। (Risk of preterm birth following surgical treatment for cervical disease: executive summary of a recent symposium)। প্রসববিদ্যা এবং স্ত্রীরোগবিদ্যার বৃটিশ জার্নাল 123 (British Journal of Obstetrics and Gynaecology 123): 1429-1429।

এই প্রচারপত্রের একটা HTML সংস্করণ উপলব্ধ আছে। আপনি এটা বড় ছাপায় দেখতে ও ডাউনলোড করতে পারেন, এবং একটা অডিও সংস্করণের জন্য একটা স্ক্রিন রিডার ব্যবহার করতে পারেন। যান: www.gov.uk/phe/cervical-screening-leaflet

আমরা একটা ব্রেইল সংস্করণ প্রদান করতে পারি। ইমেইল: phe.screeninghelpdesk@nhs.net

ছবির কৃতিত্ব(গুলি)
প্রচ্ছদ ছবি: Shutterstock/Rawpixel.com
পৃষ্ঠা 8: জো’এর সার্ভিকাল ক্যান্সার ট্রাস্ট (Jo's Cervical Cancer Trust

ওপেন গভার্নমেন্ট লাইসেন্স v3.0-এর শর্ত অনুযায়ী, আপনি যেকোন ফর্ম্যাট বা মাধ্যমে বিনামূল্যে এই তথ্যসমূহ পুনঃব্যবহার করতে পারেন (লোগো ছাড়া)। যেখানে আমরা তৃতীয় পক্ষের কপিরাইট তথ্যসমূহ চিহ্নিত করেছি সেখানে আপনাকে সম্পর্কিত কপিরাইট ধারকদের কাছ থেকে অনুমতি নিতে হবে।

PHE প্রকাশনার গেটওয়ে নম্বর: GW-339

**প্রথম প্রকাশিত:** জুন 2019
**এই সংস্করণ:** জুন 2019
**পর্যালোচনা করা হবে:** জুন 2022

**প্রচারপত্রের রেফারেন্স:** CSP14
PN2464547
কপিরাইট© ক্রাউন কপিরাইট 2019

পাবলিক হেলথ ইংল্যান্ড সমর্থন করে জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্যগুলো

Corporate member of Plain English Campaign
Committed to clearer communication
339

SUSTAINABLE DEVELOPMENT GOALS